

## বিএমএড প্রোগ্রাম

### ১ম সেমিস্টার

শিক্ষাবর্ষ: ২০২৪ (২০২৪ ব্যাচ)

### নির্ধারিত কাজ (Assignment)

১. কোর্সের নাম: মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা (BMED 1401)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: শিক্ষাক্রম উন্নয়নের বৃত্তাকার ও রৈখিক মডেলের মধ্যে তুলনাকরণ।	১০
নির্ধারিত কাজ- ২	: WHO কর্তৃক শনাক্তকৃত ১০টি জীবন দক্ষতা (LSBE- Life Skills Based Education) অর্জনের উপায় নির্ধারণ।	১০
২. কোর্সের নাম: শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (BMED 1402)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: মাধ্যমিক বিদ্যালয়গুলোর শ্রেণিকক্ষে ব্যবহার উপযোগী অংশগ্রহণমূলক পদ্ধতি ও কৌশল প্রয়োগের দক্ষতা অনুসন্ধান এবং শিক্ষার্থীদের নির্দেশনা প্রদানের কৌশল অনুশীলন।	১০
নির্ধারিত কাজ- ২	: শিক্ষকের পেশাগত উন্নয়নের ধারণা, গুরুত্ব ও পেশাগত উন্নয়নের উপাদান বিশ্লেষণ।	১০
৩. কোর্সের নাম: আল কুরআন ও তাজবীদ শিক্ষণ (BMED 1441)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: আল কুরআন বিশুদ্ধভাবে তিলাওয়াত শিক্ষণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা।	১০
নির্ধারিত কাজ- ২	: আল কুরআনের তাজবীদ শিক্ষণে বিশ্বখ্যাত কারীর অনুসরণ।	১০
৪. কোর্সের নাম: আল হাদিস শিক্ষণ (BMED 1442)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: জাল হাদিস বুঝার উপায়, হাদিস জাল করার কারণ ও তা প্রতিকারের উপায়।	১০
নির্ধারিত কাজ- ২	: আল হাদিস শিক্ষণে শিক্ষা উপকরণ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার।	১০
৫. কোর্সের নাম: আরবি শিক্ষণ (BMED 1443)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: আরবি ভাষা ও সাহিত্য শিখন উন্নয়নে আল কুরআন ও আল হাদিসের প্রভাব।	১০
নির্ধারিত কাজ- ২	: আরবি ভাষার ৪টি দক্ষতার অগ্রগতি ও পারদর্শিতার মূল্যায়ন।	১০
৬. কোর্সের নাম: আকাইদ ও ফিকহ শিক্ষণ (BMED 1444)		পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	: দাখিল শিক্ষাক্রমে আকাইদ ও ফিকহ শিক্ষাক্রমের পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক পর্যালোচনা।	১০
নির্ধারিত কাজ- ২	: উসুলে ফিকহের বিরোধপূর্ণ দলিলের ব্যাখ্যা।	১০

## নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।
  ২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করতে পারবেন।
  ৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।
  ৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:
    - ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেন্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি উল্লেখ থাকবে।
    - খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।
    - গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।
    - ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।
    - ঙ. নির্ধারিত কাজ A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।
  ৫. বিএমএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষণার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষর পত্র ও টপশিটসহ আলাদা আলাদা প্যাকেট করে পরীক্ষা বিভাগে প্রেরণ করবেন অথবা সংশ্লিষ্ট কোর্স টিউটরকে মূল্যায়ন করতে দিবেন।
  ৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবে:
    - ক. নির্দেশনায় উল্লেখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।
    - খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।
    - গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গরমিল।
  ৭. কোন প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসদুপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসদুপায়ের মধ্যে রয়েছে:
    - ক. নির্ধারিত কাজ কম্পিউটার কম্পোজ করা;
    - খ. নির্ধারিত কাজ হুবহু কপি করা;
    - গ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান;
    - ঘ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো;
    - ঙ. অন্য প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।
- বি.দ্র.: প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।